অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/27/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ইয়োঙ্কার্সে 76 ইউনিটের সাশ্রয়ী হাউজিং ডেভেলপমেন্টের নির্মাণকাজ শুরুর ঘোষণা করলেন

সেইন্ট ক্লেয়ার মেট্রো নর্থ ট্রেন স্টেশনের কাছে ডাউনটাউন ইয়োঙ্কার্সে সাশ্রয়ী বাসা ও বাণিজ্যিক স্থান নিয়ে আসবে

অত্যন্ত শক্তি দক্ষ, সম্পূর্ণ বৈদ্যুতিক ভবনটি স্টেটের পরিচ্ছন্ন শক্তি উদ্যোগের অংশ

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষ (Metropolitan Transportation Authority, MTA) ট্রানজিট হাবের নিকটে আবাসন সুযোগ সম্প্রসারিত করার স্টেট প্রয়াসের অংশ হিসেবে ডাউনটাউন ইয়োঙ্কার্সে 76টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট ও বাণিজ্যিক স্থানের নির্মাণকাজ শুরু হয়েছে। সেইন্ট ক্লেয়ার (St. Clair) হিসেবে পরিচিত ডেভেলপমেন্টটি নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) পরিচ্ছন্ন শক্তি উদ্যোগের (Clean Energy Initiative) অংশ হিসেবে শীর্ষ পরিবেশগত মানদণ্ড অনুসরণ করবে, উদ্যোগটি গভর্নরের পরিচ্ছন্ন শক্তি এজেন্ডার একটি মুখ্য অংশ।

"সাশ্রয়ী, টেকসই আবাসন যা নিউ ইয়র্কবাসীকে চাকরি, স্কুল, ডাক্তার, এবং সমৃদ্ধির জন্য তাদের প্রয়োজনীয় সেবার সাথে সংযুক্ত করে দেয় তা তৈরি করার জন্য আমরা যে স্থানীয় অংশীদারদের সাথে হাতে হাত রেখে কাজ করতে পারি সেইন্ট ক্লেয়ার তার প্রমাণস্বরূপ," **গভর্নর হোকল বলেন।** "ইয়োঙ্কার্সের পুনরুত্থানে আমাদের চলমান বিনিয়োগের ফলে আরো বেশি মানুষ এই শহরের সুবিধা গ্রহণ করতে পারছে, এবং সম্প্রদায়সমূহকে বলীয়ান করে এবং জলবায়ু পরিবর্তনে সাহায্য করে এমন ট্রানজিটকেন্দ্রিক কৌশলী আবাসন বিকাশে আমাদের প্রতিশ্রুতিকে এটি তুলে ধরে।"

সেইন্ট ক্লেয়ারও গভর্নর হোকলের 25 বিলিয়ন মার্কিন ডলারের সার্বিক আবাসন পরিকল্পনার অংশ যা পুরো নিউ ইয়র্কে 100,000 সাশ্রয়ী আবাসন তৈরি বা সংরক্ষণ করবে যার মধ্যে দুর্বল জনগোষ্ঠীর জন্য 10,000টি সমর্থক সেবাসহ হবে, সেই সাথে অতিরিক্ত 50,000 বাসার বৈদ্যুতিকরণ করা হবে।

ডেভেলপমেন্টটি MTA মেট্রো নর্থ (MTA Metro North) ট্রেন স্টেশন এবং ওয়েস্টচেস্টার কাউন্টি বি-লাইন বাস সিস্টেম (Westchester County Bee-Line Bus System) থেকে হাঁটা দূরত্বে

অবস্থিত, এবং এখানে একটি ফিটনেস কক্ষ, কমিউনিটি কক্ষ, এবং একটি আউটডোর ছাদের ডেক থাকবে।

সেইন্ট ক্লেয়ার নির্মাণ করেছে ম্যাককোয়েশ্চেন ডেভেলপমেন্ট, এলএলসি (MacQuesten Development, LLC)। এবং এটি এলাকার মধ্যম আয়ের (Area Median Income, AMI) 80 শতাংশ বা তার কম উপার্জনের গৃহস্থালির ক্রয়ক্ষমতার মধ্যে থাকবে।

60 মিলিয়ন মার্কিন ডলারের ডেভেলপমেন্টটির জন্য স্টেট অর্থায়নের মধ্যে আছে 8.4 মিলিয়ন মার্কিন ডলার কর মওকুফ করা বন্ড, 25.2 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল এবং স্টেট নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিট (Low-Income Housing Tax Credits) এবং নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal, HCR) থেকে 10.6 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি। নির্মাণকাজটি নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগের (New York State Department of Environmental Conservation, DEC) সফল ব্রাউনফিল্ড পরিচ্ছন্নকরণ কর্মসূচির (Brownfield Cleanup Program) আবশ্যিকতা মান্য করে, যার ফলে নিউ ইয়র্ক স্টেট কর ও অর্থ বিভাগ (New York State Department of Tax and Finance) থেকে 9.7 মিলিয়ন মার্কিন ডলার কর ক্রেডিট পাওয়া যাবে বলে আশা করা। যাচ্ছে। ইয়োঙ্কার্স সিটি HOME তহবিল হিসেবে 1.1 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে এবং ওয়েস্টচেস্টার কাউন্টি পরিকল্পনা বিভাগ (Westchester County Department of Planning) আমেরিকান উদ্ধার পরিকল্পনা আইনের (American Rescue Plan Act) তহবিল থেকে 1.5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে।

পাশাপাশি, সম্পূর্ণ বৈদ্যুতিক ভবনটি NYSERDA এর পরিচ্ছন্ন শক্তি উদ্যোগ থেকে 418,000 মার্কিন ডলার পেয়েছে, উদ্যোগটি নিউ ইয়র্ককে 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act) লক্ষ্য অর্জনের পথে স্থাপন করে। ভবনটিতে নবায়নযোগ্য শক্তি এবং শক্তিদক্ষ বৈশিষ্ট্য রয়েছে যেমন হিটিং ও কুলিংয়ের জন্য হিট পাম্পসহ সম্পূর্ণ বৈদ্যুতিক অ্যাপ্লায়েন্স, তাপ ক্ষয় হ্রাস করার জন্য ওয়েদারাইজেশন, এবং নিম্ন প্রবাহের প্লাম্বিং ফিক্সচার।

বিগত পাঁচ পচরে, HCR ইয়োঙ্কার্স সিটিতে 1,266টি সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করেছে।

নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়াল কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "সেইন্ট ক্লেয়ার ইয়োঙ্কার্সের ডাউনটাউন দীর্ঘদিন খালি পড়ে থাকা একটি সাইটকে একটি সম্পূর্ণ বৈদ্যুতিক, মিশ্র ব্যবহারের ডেভেলপমেন্ট দিয়ে প্রতিস্থাপিত করছে যা 76টি নতুন অ্যাপার্টমেন্ট এবং নিচতলার খুচরা বিক্রির স্থান দিয়ে মেইন স্ট্রিট করিডোরকে পুনরায় সক্রিয় করবে। ভবিষ্যতের বাসিন্দারা একটি স্বাস্থ্যকর বসবাসের পরিবেশ, ট্রেন ও বাস ট্রানজিটে সহজে যাওয়ার সুযোগ, এবং দারুণ সুযোগ সুবিধা উপভোগ করবে। এটি আরেকবার প্রমাণ করে যে সাশ্রয়ী আবাসন হলো পরিবার ও সম্প্রদায়ের জন্য দুর্দান্ত সম্পদ, এবং এই মাইলফলক অর্জনের জন্য আমরা ম্যাককোয়েশ্চেন ডেভেলপমেন্ট এবং আমাদের স্থানীয় সরকারের অংশীদারদের অভিনন্দন জানাচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেট শক্তি এবং গবেষণা বিকাশ কর্তৃপক্ষের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, নিউ ইয়র্ক স্টেট এমন প্রকল্পে বিনিয়োগ করাকে অগ্রাধিকার করেছে যা নিউ ইয়র্কবাসীর জন্য উচ্চমানের জীবনযাত্রা নিশ্চিত করে এবং একই সাথে আমাদেরকে স্টেটের কার্বন পদচিহ্ন নির্মূল করার কাছে নিয়ে যায়। কাজ শেষ হলে, সেইন্ট ক্লেয়ার প্রদর্শন করবে কীভাবে আরো স্বাস্থ্যকর, সাশ্রয়ী বসবাসের স্থান ওয়েদারাইজেশন এবং শক্তি দক্ষ বৈশিষ্ট্য এবং সেই সাথে সম্পূর্ণ বৈদ্যুতিক অ্যাপ্লায়েন্স এবং বৈদ্যুতিক হিট পাম্প হিটিং ও কুলিং ব্যবস্থা যোগ করে সম্প্রদায়কে উন্নত করতে, ভাড়াটিয়াদের স্বাচ্ছন্দ্য বৃদ্ধি করতে, এবং আগামী বহু প্রজন্মের জন্য ক্ষতিকর নিঃসরণ হ্রাস করতে সাহায্য করতে পারে।"

নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার ব্যাসিল সেগোস বলেন, "DEC এর সফল ব্রাউনফিল্ড পরিচ্ছন্নকরণ কর্মসূচি সক্রিয় থাকার এটি আরেকটি উদাহরণ। নতুন এই আবাসন ইউনিট এবং বাণিজ্যিক স্থান ইয়োঙ্কার্সের বাসিন্দাদের জন্য নিরাপদ, সবুজ, ও সাশ্রয়ী স্থান প্রদান করবে এবং পুরো স্টেটের সম্প্রদায়সমূহকে পুনরুজ্জীবিত এবং পরিচ্ছন্ন করতে গভর্নর হোকলের নেতৃত্বাধীন আরেকটি অগ্রগামী ধাপ।"

প্রতিনিধি জামাল বোম্যান বলেন, "নিউ ইয়র্ক আবাসন সঙ্কটের সম্মুখীন তাই এই সময়ে আমাদেরকে মানসম্পন্ন, সবুজ, এবং সাশ্রয়ী ডেভেলপমেন্টে বিনিয়োগ করতেই হবে যাতে নিশ্চিত করা যায় যে কর্মজীবী পরিবারকে নিজেদের মাথার উপর ছাদ রাখতে অস্বাভাবিক কোনও আত্মত্যাগ না করতে হয়। ইয়োঙ্কার্সে আবাসন ক্রয়ক্ষমতা সঙ্কটের সমাধান করার জন্য এবং একই সাথে পরিচ্ছন্ন শক্তিতে আমাদের স্থানান্তরের দিকে ধাবিত করার জন্য এটি প্রকল্পটি একটি গুরুত্বপূর্ণ ধাপ। আমরা একই সাথে সাশ্রয়ী আবাসন বিকাশ করতে এবং আমাদের পৃথিবীকে রক্ষা করতে পারি, এবং গভর্নর হোকলের বিকাশ ঠিক তাই করবে।"

সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "এই তহবিল নিশ্চিত করতে সাহায্য করতে পেরে এবং নিউ ইয়র্ক স্টেটজুড়ে সাশ্রয়ী আবাসন উন্নত করতে আমাদের প্রতিশ্রুতি অব্যাহত রাখতে পেরে আমি গর্বিত। পুরো নিউ ওয়ার্ক স্টেটে সাশ্রয়ী আবাসনে বিনিয়োগ অব্যাহত রাখার জন্য এবং আমাদের ডাউনটাউন সম্প্রদায়সমূহের গুরুত্ব উপলব্ধি করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই। সেইন্ট ক্লেয়ার আমাদের জনগণ এবং সম্প্রদায়ের প্রতি এমন একটি বিনিয়োগ যা ইয়োঙ্কার্সকে সমৃদ্ধি করতে সাহায্য করবে যেহেতু আমরা আরো ট্রানজিটকেন্দ্রিক ভবিষ্যতের দিকে অগ্রসর হচ্ছি, এবং সেই সাথে এটি জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইনে আমরা যে আগ্রাসী পরিচ্ছন্ন শক্তি লক্ষ্য স্থাপন করেছি তা পূরণেও সাহায্য করছে।"

অ্যাসেম্বলি সদস্য জে. গ্যারি প্রেটলো বলেন, "ইয়োঙ্কার্সে সেইন্ট ক্লেয়ারের নির্মাণ এবং এর পর তা খুলে দেওয়া নিঃসন্দেহে এমন একটি বিনিয়োগ যা আমাদের নিম্ন থেকে মধ্যম আয়ের পরিবারের নিরাপদ ও স্থিতিশীল আবাসনের সুযোগ পাওয়ার চাহিদা পূরণ করে। প্রকল্পটিকে সমর্থন করতে পেরে আমি আনন্দিত যেহেতু এটি গৃহহীনতা হ্রাস করতে এবং আমাদের সবথেকে দুর্বল জনগোষ্ঠীর সমর্থনে একটি ভূমিকা পালন করবে।"

ওয়েস্টচেস্টার কাউন্টির নির্বাহী জর্জ ল্যাটিমার বলেন, "ওয়েস্টচেস্টার কাউন্টিতে আমরা সকলেই যেই আবাসন সঙ্কটের সম্মুখীন হয়েছি তা সমাধান করতে যত বেশি সম্ভব সাশ্রয়ী আবাসন ইউনিট বাস্তব করতে সাহায্য করাকে আমরা একটি অগ্রাধিকার করেছি। যাদের সেবাদানের জন্য আমাদের নির্বাচিত করা হয়েছে তাদের সেরা সেবা দেওয়ার জন্য সৃজনশীল সমাধানের এবং সহযোগিতামূলক সরকারি প্রয়াসের সময় এসেছে। সাশ্রয়ী আবাসন শিল্পখাতে ম্যাককোয়েশ্চেন ডেভেলপমেন্টের কার্যকর কাজের জন্য আমরা তাদের সালাম জানাই, এবং পুরো ওয়েস্টচেস্টার কাউন্টি এবং স্টেটে আবাসন সুযোগ সম্প্রসারণ করার ক্ষেত্রে তার নেতৃত্বের জন্য আমি গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ জানাই।"

ইয়োঙ্কার্সের মেয়র মাইক স্প্যানো বলেন, "মানসম্পন্ন, কম বাজার দরের সমতার ও অন্তর্ভুক্তিকর আবাসন প্রদানে ইয়োঙ্কার্স ওয়েস্টচেস্টার কাউন্টিতে সেরা," বলেন ইয়োঙ্কার্সের মেয়র মাইক স্প্যানো। আমাদের ফেডারেল ও স্থানীয় অংশীদারদের সমর্থনের কারণে, সেইন্ট ক্লেয়ার আমাদের ক্রমবর্ধমান আবাসন মজুতে আধুনিক, অ্যাক্সেসিবল এবং টেকসই সুযোগ সুবিধা যোগ করবে যা আমাদের বিকাশমান শহরে সেবাদান করবে।" নতুন বাসিন্দাদের আমাদের ওয়াটারফ্রন্টে স্বাগত জানাতে আমরা উন্মুখ।"

ম্যাককোয়েশ্চেন ডেভেলপমেন্ট এলএলসির প্রধান নির্বাহী কর্মকর্তা রেলা ফগলিয়ানো বলেন, "ম্যাককোয়েশ্চেন ডেভেলপমেন্টকে উল্লেখজনক এই সাশ্রয়ী হাউজিং ডেভেলপমেন্টে নিউ ইয়র্ক স্টেট, ওয়েস্টচেস্টার কাউন্টি, এবং ইয়োঙ্কার্স সিটির সাথে অংশীদারিত্ব করার আরো একটি সুযোগ পেতে দেখে আমি কৃতজ্ঞ। সরকারি/বেসরকারি অংশীদারিত্ব কীভাবে একটি সম্প্রদায়ের বুনন বলীয়ান করতে কাজ করতে পারে তার একটি নিখুঁত উদাহরণ এই প্রকল্প। ট্রানজিটকেন্দ্রিক ডেভেলপমেন্ট, পরিচ্ছন্ন শক্তি উদ্যোগ এবং আমাদের ডেভেলপমেন্টে নবায়নযোগ্য শক্তি ব্যবহার করার ব্যাপারে ম্যাককোয়েশ্চেনকে শীর্ষে থাকতে দেখেও আমি অনেক গর্বিত।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন